



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/চাঁদপুর-১৩৮/ ৩১৭১ /

তারিখ: ২৭.১১.২০১৯খ্রি.

বিষয়:- মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাঁদপুর জেলার সদর উপজেলাধীন সাপদী আবেদিয়া জলিলীয়া মহিলা দাখিল মাদ্রাসার বিদ্যমান ট্রাস্ট কর্তৃক পরিচালিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব এ কে এম নুরুল আমিন গত ১৬/০৯/২০১৯ খ্রি. তারিখে মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব মামুন আল-আমিনকে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্য বিবরণী অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১০/০৪/২০১৯খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/ ৩০৭২/চাঁদপুর-১৩৮ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মামুন আল-আমিন, পিতাঃ মৃত এ কে এম নুরুল আমিনকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

সুপার, সাপদী আবেদিয়া জলিলীয়া মহিলা দাখিল মাদ্রাসা
বাঘড়াবাজার, সদর, চাঁদপুর

নং-বামাশিবো/প্রশাসন/চাঁদপুর-১৩৮/

/

তারিখ: .১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁদপুর;
৪. জনাব মামুন আল-আমিন (সভাপতি), সাপদী আবেদিয়া জলিলীয়া মহিলা দাখিল মাদ্রাসা;
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪